কানাইঘাটের রাজাগঞ্জে নির্বাচনী প্রচারণাকালে ছাত্রদল নেতা গ্রেফতার

কানাইঘাট প্রতিনিধি: একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সিলেট-৫ (কানাইঘাট-জকিগঞ্জ) সংসদীয় আসনের ঐক্যফ্রন্ট মনোনীত প্রার্থী মাওলানা উবায়দুল্লাহ ফারুকের ধানের শীষ প্রতীকের পক্ষে প্রচারাভিযানকালে কানাইঘাট উপজেলার রাজাগঞ্জ বাজার থেকে গতকাল ২৮ ডিসেম্বর শুক্রবার ইউনিয়ন ছাত্রদল সভাপতি আল মামুন তালুকদারকে গ্রেফতার করেছে সাদা পোষাকধারী পুলিশ।
আইন শৃঙ্খলাবাহিনী প্রথমে গুম করার অপচেষ্টা চালিয়ে ব্যর্থ হয়ে পরে গ্রেফতার দেখাতে বাধ্য হয়।
স্থানীয় ঐক্যফ্রন্ট নেতারা বলেন, পুলিশ প্রশাসন সম্পূর্ণ হিংসা পরায়ণ হয়ে ক্ষমতাসীন আওয়ামী লীগ নেতাদের ইন্ধনে ছাত্রনেতা আল মামুন তালুকদারকে গ্রেফতার করেছে।
স্থানীয় বিএনপি এবং তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ এই নির্লজ্জ ঘটনার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন।
উল্লেখ্য, আগামীকাল ৩০ ডিসেম্বর ২০১৮ একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে।

ছবি: প্রতিকী